

# শ্রীগুরু কথামৃত বিন্দু

৭ম সংখ্যা | ২০২১



শ্রীশ্রীমৎ জয়পতাকা স্বামী  
গুরুমহারাজের শিষ্যবৃন্দ এবং তাঁর শুভাকাঙ্ক্ষীদের জন্য



# সবচেয়ে দারুণ ওষুধ

## রয়েছে আমাদের

বিশ্বব্যাপী ভক্তমন্ডলীর কাছে লেখা

শ্রীল জয়পতাকা স্বামী গুরুমহারাজের

পত্রাবলী থেকে সারসংক্ষেপ

যেহেতু তুমি আর মন্দিরে থাক না, তাই আমি তোমাকে খুব কম দেখি। এতে আমি কিছুটা উদ্বেগের মধ্যে পড়েছি এবং মনে হচ্ছে যেহেতু তুমি গৃহস্থ আশ্রম গ্রহণ করেছ, তাই তোমার ভগবৎ-সেবার পরিমাণ বৃষ্টি কমে গেছে। তবে আমি বিশেষভাবে কৃতজ্ঞ যে, তুমি আর তোমার স্বামী তোমাদের বাড়িতে বিধি নিয়মাদি পালন করছ আর ১৬ মালা জপ করছ এবং শ্রীগৌরনিতাই ভজনা করছ। তা সত্ত্বেও, যে কোনও ভাবে হোক ভগবদ্ভক্তির পরিমাণ যে খানিকটা কমতি হচ্ছে, তা বেশ বোঝা যাচ্ছে, কারণ আগে তুমি আরও প্রত্যক্ষভাবে তা করতে পারতে।

বাস্তবিকই আমার বহু শিষ্য আছে, যেমন নামহট্টের ভক্তরা, তারা বাইরে থাকে। আমি তো তাদের ভগবৎ-সেবার মান এবং বৈশিষ্ট্য উন্নত করার জন্য উৎসাহ দিয়েই থাকি। যখন কোনও ভক্ত



মন্দিরে বছ বছর যাবৎ শিক্ষালাভ করেও, এবং কৃষ্ণভাবনাময় আন্দোলনের কাজে প্রত্যক্ষভাবে প্রচার কার্য বা বিগ্রহ অর্চনা দি করতে করতেও, ক্রমশ তার প্রত্যক্ষ সেবার পরিমাণ কমিয়ে ফেলতে থাকে তখন আমার দুশ্চিন্তা হয়। জানি না আরও বড় কোনও দায়িত্ব গ্রহণের জন্য তোমাকে আর তোমার স্বামীকে কি করে উৎসাহ দিতে পারি, যাতে আমাকে এবং শ্রীল প্রভুপাদকে আর তাঁর প্রতিনিধিদের তোমরা কৃষ্ণভাবনাময় আন্দোলনের প্রসার কার্যে সাহায্য-সহায়তা করতে পার।

তুমি বিকল্প ওষধিশাস্ত্র শেখবার বাসনা করেছ। প্রকৃতপক্ষে কৃষ্ণভাবনা প্রচারের মাধ্যমে তুমি বছ ডাক্তারকে কৃষ্ণভাবনাময় করে তুলতে পার, বছ বছর ধরে স্কুলে-কলেজে পড়াশুনা না করেও। কত মানুষ রয়েছে যারা কৃষ্ণ বিস্মৃতির ফলে পরিমার্খিক ব্যাধিগ্রস্ত হয়ে পড়ে আছে। তাদের বিশেষ চিকিৎসার প্রয়োজন, আর এ ব্যাপারে তুমি রয়েছে, যোগ্য একজন প্রচারক। মনে রেখো, সব চেয়ে দারুণ ওষুধটি রয়েছে তোমার কাছে, তা হল কৃষ্ণভাবনার ওষুধ এবং হরিনাম সঙ্কীর্তন হল কলিযুগের সব চেয়ে দারুণ ওষুধ।

ইতিমধ্যে তুমি চার বছরেরও বেশি শিক্ষা গ্রহণ করেছ, এবং যদি তুমি কৃষ্ণভাবনার এই অব্যর্থ বিকল্প ওষধি বিতরণে নিজেকে নিয়োজিত করতে পার তা হলে শ্রীচৈতন্য মহাপ্রভু এবং তাঁর প্রতিনিধিদের কাছে তা বিশেষ সুখের হবে।



শ্রীমৎ স্বরূপ দামোদর মহারাজ পি-এইচ-ডি উপাধি পেয়েছিলেন, এবং তিনি রসায়নবিদ হয়ে গবেষণাগারের মধ্যে অনেক কিছুই করতে পারতেন। তা না করে, তিনি তাঁর বিশেষজ্ঞসুলভ দক্ষতা কাজে লাগাচ্ছেন শিক্ষিত জনগণ, বুদ্ধিজীবী, বিজ্ঞানী, আর-পি-এইচ-ডি-দের মাঝে প্রচার কার্য সংগঠনের ব্যাপারে।

এইভাবে, যতটুকু কৃষ্ণভাবনাময় উপলব্ধি আমরা অর্জন করেছি, যদি আমরা সেটুকু অন্যের উপলব্ধির কাজে লাগাতে পারি এবং সঙ্গে সঙ্গে আমাদের নিজেদেরও উপলব্ধি বাড়িয়ে তুলতে পারি, সেটাই হল সবচেয়ে দরকারি কাজ। তা না হলে, এই অবস্থায়, এই স্তরে, প্রাকৃত চিকিৎসা শাস্ত্র শেখবার খুব দরকার আছে বলে তো মনে হয় না, অবশ্য যদি কেউ এটা শিখতে চায় বিকল্প অর্থ উপার্জনের উপায় হিসাবে, সেটা অন্য কথা।

তথ্য সূত্র: শ্রীগুরুমুখ পদ্যবাক্য, পৃষ্ঠা-১৫

## কৃষ্ণের নাম কৃষ্ণের চেয়ে অধিক করণাময়

কৃষ্ণের নাম এবং কৃষ্ণ অভিন্ন। কিন্তু কৃষ্ণের নাম অধিক করণাময়। যদি কেউ কৃষ্ণের নিকট অপরাধ করে সে কৃষ্ণের নাম জপের মাধ্যমে এই অপরাধ থেকে মুক্তি পেতে পারে। তাই পবিত্র নাম অধিক করণাময়।

-১৬ মার্চ ২০২০, মায়াপুর, ভারত



# শ্রীগুরু কথামৃত বিন্দু


জে.পি.এস আর্কাইভস

ফ্ল্যাট এস-১, তৃতীয়তল, প্রভুপাদ নিবাস, অভয়নগর,  
পোঃ- শ্রীধাম মায়াপুর, নদীয়া, পশ্চিমবঙ্গ-৭৪১৩১৩।

magazine.jpisarchives@gmail.com

+919681916108

www.jayapatakaswamiarchives.net



ভিক্টোরী ফ্লাগ পাবলিকেশন্স প্রকাশিত

লেখক: শ্রীশ্রীমৎ জয়পতকা স্বামী

+919800915553